ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৮৬.২৩ নথির বিষয়: ভূমি বিভাগের স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) বৃদ্ধি করণ প্রসংগে।
নোট: ১ নোটের বিষয়: **ভূমি বিভাগের স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) বৃদ্ধি করণ প্রসংগে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/৯/২৩ ৩:২৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, ভূমি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ন বিভাগ এবং উক্ত বিভাগ হতে ভূমি সংক্রান্ত যাবতীয় কার্যাদি করা হয়। ঢাকা ওয়াসার মালিকানাধীন প্রায় ১০০৫ একর (কম/বেশী) জমি রয়েছে। ১০০৫ একর জমির সার্বিক কার্যক্রম ভূমি বিভাগের উপর ন্যস্ত। জমি সংক্রান্ত সীমানা চিহ্নিত কাজ, বিভিন্ন সাইট পরিদর্শন, বিভিন্ন সহকারী কমিশনার (ভূমি) এর অফিসে কাজ, ইউনিয়ন ভূমি অফিসসহ বিভিন্ন সরকারী অফিসে জমি সংক্রান্ত কাজে সার্ভেয়ার, কানুনগো ও অফিস স্টাফদের যেতে হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/৯/২৩ ৩:২৫ অপরাহ্ন

এছাড়া জমির বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য ও ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে জরুরী ভিত্তিতে মৌজা ম্যাপ (সিএস, এসএ, আরএস ও সিটি) ও পর্চা বাংলাদেশ ভূমি জরিপ ও রেকর্ড অধিদপ্তর হতে সংগ্রহ করতে হয়, বড় বড় নকশা বাহির থেকে ফটোকপি করতে হয় এবং ঢাকা ওয়াসার যে সকল জমিগুলো ঢাকা ওয়াসার নামে নামজারি করা হয়নি সে সকল জমির নামজারি করনের লক্ষ্যে নামজারির আবেদন ফি দেয়া হয় । এতে তাৎক্ষনিকভাবে অর্থ ব্যয় করতে হয়, যা স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) থেকে দেয়া হয়। ভূমি বিভাগের নামে বহু বছর ধরে স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) এর পরিমান ৮,০০০/- (আট হাজার) টাকা মাত্র। পূর্বের তুলনায় বর্তমান বাজার দর বহুগুণ বৃদ্ধি পাওয়ায় উল্লেখিত পরিমান স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) দিয়ে অফিসের কাজের ব্যয় ভার নির্বাহ করা সম্ভব হয় না। স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) ৮,০০০/- (আট হাজার) টাকা হতে ১৫,০০০/- (পনের হাজার) টাকায় বৃদ্ধি করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/৯/২৩ ৩:২৬ অপরাহ্ন

এমতাবস্থায় ভূমি বিভাগের অভ্যন্তরিন ব্যয় নির্বাহসহ জমি সংক্রান্ত বিভিন্ন কাজে ব্যয় করার নিমিত্ত ভূমি বিভাগের অনুকূলে স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) ৮,০০০/- (আট হাজার) টাকা হতে ১৫,০০০/- (পনের হাজার) টাকা বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা যায়। এছাড়া প্রতি ভাউচারের ব্যয় সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা পর্যন্ত করার অনুমোদন দেয়া যায়। প্রস্তাব অনুমোদিত হলে উপ-সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসা হতে "অফিস আদেশ" জারী করা যেতে পারে। সদয় পেশ করা হলো।

১৪/৯/২৩ ৩:২৭ অপরাহ্ন গোলাম সরওয়ার কম্পিউটার অপারেটর ভূমি বিভাগ	১৪/৯/২৩ ৩:৩০ অপরাহ্ন মোঃ খবির হোসেন সহকারী সচিব (চলতি দায়িত্ব) ভূমি বিভাগ	১৫/৯/২৩ ৯:৩১ পূর্বাহ্ন শামীম নাজিবা উপ-সচিব ভূমি বিভাগ	~~১৫/৯/২৩ ৯:৩১ পূর্বাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৯/২৩ ১০:০৩ পূর্বাহ্ন

please speak

১৯/৯/২৩ ১০:০৪ পূর্বাহ্ন মোঃ আক্তারুজ্জামান উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	১৯/৯/২৩ ১০:১৩ পূর্বাহ্ন শামীম নাজিবা উপ-সচিব ভূমি বিভাগ	~~১৯/৯/২৩ ১০:১৩ পূর্বাহ্ন গোলাম সরওয়ার কম্পিউটার অপারেটর ভূমি বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/১০/২৩ ১২:০০ অপরাহ্ন

অনুচেছদ ১.০ হতে ১.৩ সদয় দেখা যেতে পারে। অনুচেছদ ১.৩ এর প্রেক্ষিতে ভূমি বিভাগের স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) বৃদ্ধি করনের বিষয়ে উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় এর সাথে উপ-সচিব (ভূমি) এর আলোচনা হয়েছে। আলোচনা মোতাবেক নথি পুনরায় উপস্থাপন করা হলো। এমতাবস্থায় ভূমি বিভাগের অভ্যন্তরিন ব্যয় নির্বাহসহ জমি সংক্রান্ত বিভিন্ন কাজে ব্যয় করার নিমিত্ত ভূমি বিভাগের অনুকূলে স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) ৮,০০০/- (আট হাজার) টাকা হতে ১৫,০০০/- (পনের হাজার) টাকা বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা যায়। এছাড়া প্রতি ভাউচারের ব্যয় সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকা পর্যন্ত করার অনুমোদন দেয়া যায়। প্রস্তাব অনুমোদিত হলে উপ-সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসা হতে "অফিস আদেশ" জারী করা যেতে পারে। সদয় পেশ করা হলো।

৩/১০/২৩ ১২:০৫ অপরাহ্ন
গোলাম সরওয়ার
কম্পিউটার অপারেটর
ভূমি বিভাগ

৩/১০/২৩ ২:০০ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
সহকারী সচিব (চলতি দায়িত্ব)
ভূমি বিভাগ

৪/১০/২৩ ৯:৫০ পূর্বাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

~~৪/১০/২৩ ৯:৫০ পূর্বাহ্ন~~
~~মোঃ আক্তারুজ্জামান~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৯/১০/২৩ ১:৪৭ অপরাহ্ন

May be extended upto Tk. 10,000. For your approval please.

৯/১০/২৩ ১:৪৭ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

~~৯/১০/২৩ ১:৪৭ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৬/১০/২৩ ১০:২৫ অপরাহ্ন

Okay

৪/১১/২৩ ৬:৪৩ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

৪/১১/২৩ ৭:৪৪ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

৪/১১/২৩ ৭:৪৪ অপরাহ্ন
গোলাম সরওয়ার
কম্পিউটার অপারেটর
ভূমি বিভাগ